

পত্রিকায় অভিমত প্রকাশ রাবি শিক্ষক রবিউল ইসলামকে শোকজ

নিজস্ব বার্তা পরিবেশক, রাজশাহী

পত্রিকায় অভিমত প্রকাশ করায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের সহকারী অধ্যাপক রবিউল ইসলামকে সিন্ডিকেটের মাধ্যমে শোকজ নোটিশ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। রেজিস্ট্রার হাফরিজ শোকজ নোটিশটি অধ্যাপক রবিউল রুববার হাতে পেয়েছেন।

এদিকে পত্রিকায় অভিমত প্রকাশ করায় সিন্ডিকেটের মাধ্যমে রাবির ইতিমধ্যে ২০০৬বারের মতো কোন শিক্ষককে শোকজ নোটিশ দেয়নি বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকরা বিশ্ব প্রকাশ করেছেন। তারা সিন্ডিকেট সভাপতি ও রাবি উপাচার্যকে শোকজ নোটিশটি প্রত্যাহার করার দাবি জানিয়েছেন।

সংশ্লিষ্ট সুপ্রজ্ঞান, গত ১৫ মার্চ দৈনিক জনকণ্ঠ পত্রিকায় 'শিক্ষক যেক্ষেত্রে মুক্তি ও বিশ্ববিদ্যালয় প্রশাসন' শিরোনামে অধ্যাপক রবিউলের একটি অভিমত প্রকাশিত হয়। এতে আগস্টের ছাত্র বিক্ষোভের ঘটনায় রাবির শিক্ষকদের যেক্ষেত্রে এবং তাদের মুক্তির ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসনের ভূমিকা নিয়ে আলোচনা-সমালোচনা করা হয়।

বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল শিক্ষক সমাজের আহ্বায়ক অধ্যাপক আবদুল সোবহান বলেন, পত্রিকায় মতামত প্রকাশের জন্য একজন শিক্ষককে সিন্ডিকেটের মাধ্যমে যেভাবে শোকজ করা হয়েছে তা নজিরবিহীন ও বৈরতাত্মক। বিশিষ্ট নাট্যব্যক্তি অধ্যাপক মলয় কুমার ভৌমিক জানান, এটা মতপ্রকাশের স্বাধীনতার ওপর সরাসরি হস্তক্ষেপ। অধ্যাপক রবিউল ইসলাম শোকজ নোটিশ পাওয়ার সজতা স্বীকার করে বলেন, 'বিশ্ববিদ্যালয়ের মতো স্বয়ংসম্পাসিত প্রতিষ্ঠানের শিক্ষক হিসেবে আমি মতামত প্রকাশের অধিকার রাবি।'

ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক মোহাম্মদ শাফি জানান, পত্রিকায় প্রকাশিত অভিমতের বিষয়ে জানতে চেয়ে অধ্যাপক রবিউলের কাছে একটি চিঠি পঠানো হয়েছে। উপাচার্য অধ্যাপক এম আলতাফ হোসেন ঘটনার সজতা স্বীকার করে বলেন, অধ্যাপক রবিউলের বক্তব্য হতে পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেয়া হবে।